# রাষ্ট্রপতি নির্বাচনে ভোট দেবেন ৩৪৯ সংসদ সদস্য: ইসি সচিব



ইসি সচিব আখতার আহমেদ। ছবি: সংগৃহীত

আগামী ২০ আগস্ট রাষ্ট্রপতি নির্বাচনে ৩৪৯ জন সংসদ সদস্য ভোট দেওয়ার সুযোগ পাবেন বলে জানিয়েছেন নির্বাচন কমিশনের (ইসি) সিনিয়র সচিব আখতার আহমেদ।

মঙ্গলবার (১১ আগস্ট) দুপুরে ভারপ্রাপ্ত স্পিকারের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের এ তথ্য জানান তিনি। বৈঠকে রাষ্ট্রপতি নির্বাচন আয়োজনের প্রস্তুতি ও ভোটগ্রহণের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়।

ইসি সচিব জানান, জাতীয় সংসদের অধিবেশন কক্ষেই রাষ্ট্রপতি নির্বাচনের ভোট অনুষ্ঠিত হবে। ওইদিন দুপুর ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ভোটগ্রহণ চলবে। সংসদ সদস্যরা তিনটি ব্যালট স্বচ্ছ ব্যালট বাক্সে প্রদান করবেন।

LENS ASIA

ভোট শেষ হওয়ার পর একই দিন প্রাথমিক ফলাফল প্রকাশ করা হবে। পরবর্তী সময়ে নির্বাচন কমিশনের পক্ষ থেকে নির্বাচনের ফলাফলের গেজেট প্রকাশ করা হবে। ভোটগ্রহণ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে ইসির ২০ সদস্যের একটি দল দায়িত্ব পালন করবে বলেও জানান তিনি।

আখতার আহমেদ আরও বলেন, রাষ্ট্রপতি নির্বাচন উপলক্ষে জাতীয় সংসদের কোনো বিশেষ অধিবেশন আহ্বান করা হচ্ছে না। এ কারণে নির্বাচন কমিশনের বৈঠক আহ্বানের বিষয়ে মঙ্গলবারই গেজেট প্রকাশ করা হবে।